

[অথবা] গ্রামোন্নয়নের ক্ষেত্রে কৃষি সমস্যার গুরুত্ব বিচার করো এবং এই সমস্যা নিরসনে প্রাবন্ধিক যে বক্তব্যগুলি রেখেছেন, তা আলোচনা করো। ১৫

৫। (ক) “ইতিহাসের তিনটি বড় রকমের সমুখানের মধ্য দিয়ে আধুনিকতার এই ক্রমবিকাশকেও আমরা চিহ্নিত করতে পারি।” — বিশ্বের ইতিহাসের প্রেক্ষিতে প্রাবন্ধিক কথিত উত্থানগুলি নির্দেশ করে আধুনিকতার ক্রমবিকাশটি বিশ্লেষণ করো। ১৫

[অথবা] “সব সত্ত্বেও একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।” — যাঁর সম্পর্কে কথাগুলি বলা হয়েছে, তাঁর মৌলিকতার লক্ষণগুলি নির্দেশ করো। এ বিষয়ে তুমি প্রাবন্ধিকের সঙ্গে সম্পূর্ণ একমত কিনা লেখো। ৫+১০

৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মধ্যযুগের বাংলা কাব্যে নারী (খ) প্রবন্ধ-শিল্পী বঙ্কিমচন্দ্র (গ) বাংলা রাজনৈতিক উপন্যাস (ঘ) সাহিত্যের অগ্রগতিতে সাময়িকপত্রের ভূমিকা (ঙ) স্বাধীনতা-পরবর্তী বাংলা কবিতা (চ) বাংলা নাটকে প্রতিবাদী চেতনা (ছ) বাংলা আঞ্চলিক উপন্যাস

অষ্টম পত্র — ২০১২

পূর্ণমান—১০০

১৫ নম্বরের প্রশ্ন ৩০০ শব্দে, ১০ নম্বরের প্রশ্ন ২০০ শব্দে ও ৫ নম্বরের প্রশ্ন ১০০ শব্দের মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ভবভূতি তাঁর উত্তররামচরিত নাটকে বাঙ্গালীকি রামায়ণকে কতদূর অনুসরণ করেছেন? প্রসঙ্গক্রমে এই নাটক রচনায় নাট্যকারের কৃতিত্ব বিচার করো। ৫+১০

(খ) ‘মুছকটিক’ নাটকের কাহিনি সংক্ষেপে লিখে এই নাটককে ‘আধুনিক’ বলার কারণগুলি বিশ্লেষণ করো। ৫+১০

(গ) কালিদাস রচিত যে-কোনো তিনটি কাব্যের নামোল্লেখ করে যে-কোনো দুটি কাব্য সম্পর্কে বিস্তৃত আলোচনা করো। ৩+১২

২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫

কাদম্বরী, গীতগোবিন্দমের ভাষা, অভিজ্ঞানশকুন্তলম্, বিক্রমোর্বশী, হর্ষচরিত।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ট্র্যাজেডি রচনায় শেকসপিয়রের কৃতিত্ব বিচার করে বাংলা ট্র্যাজেডি নাটক রচনায় শেকসপিয়রের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৮+৭

(খ) উপন্যাস রচনায় স্যার ওয়ালটার স্কটের কৃতিত্ব বিচার করো। ১৫

(গ) ‘আধুনিক জীবনের অবক্ষয় ও পরিবর্তিত মূল্যবোধের অসামান্য চিত্রণ ঘটেছে এলিয়টের কবিতায়’ — আলোচনা করো। ১৫

৪। যে-কোনো একটি বিষয় নিয়ে আলোচনা করো : ৫

মিলটনের সনেট, লিরিক্যাল ব্যালাডস, ডেভিড কপারফিল্ড, ওড টু দি ওয়েস্টউইন্ড, পিগম্যালিয়ন।

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ঔপন্যাসিক প্রেমচন্দ্রের দুটি উপন্যাস অবলম্বন করে তাঁর রচনাবৈশিষ্ট্য বিচার করো। ১৫

(খ) কবি মহাদেবী বর্মার কাব্যের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করে হিন্দি কাব্য আন্দোলনে তাঁর ভূমিকার মূল্যায়ন করো। ৭+৮

(গ) ছোটোগল্প রচনায় ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্ব বিচার করো। ১৫

৬। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৫×২

শতরঞ্জ কি খিলাড়ি, অঙ্গরা, পরতী পরিকথা, কুকুরমুত্তা, ছায়াবাদ, দুর্লভ বন্ধু।

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘কাব্যদর্শনে যাঁরা দেহাত্মবাদী তাঁর বলেন, ঐ বাক্য অর্থাৎ শব্দ ও অর্থ ছাড়া কাব্যের আর স্বতন্ত্র আত্মা নেই।’— ধ্বনিবাদ প্রসঙ্গে মন্তব্যটির বিশ্লেষণ করো। ১৫

(খ) ‘এইজন্যই কবি যখন কাব্যের ভাবকে রসের মূর্তিতে রূপান্তর করেন, তখন তিনি ভাবে লৌকিক পরিমিতত্বকে ছাড়িয়ে ওঠেন’।— ‘লৌকিক পরিমিতত্ব’ বলতে কি বোঝানো হয়েছে? ছাড়িয়ে ওঠার প্রয়োজন হয় কেন বিশ্লেষণ করো। ৫+১০

(গ) তাৎপর্য বিশ্লেষণ করো — ‘রস হচ্ছে নিজের আনন্দময় সন্মিতের আত্মাদরূপ একটি ব্যাপার’। ১৫

৮। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫

স্থায়ীভাব, সহৃদয় সামাজিক।

৯। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ’ — তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

(খ) ‘বাহিরের বিশ্ব ইহাদের মনের মধ্যে হৃদয়বৃত্তির নানা রসে, নানা রঙে, নানা ছাঁচে নানা রকম করিয়া তৈরি হইয়া উঠিতেছে।’— কাদের কথা বলা হয়েছে? ‘বাহিরের বিশ্ব’ মনের মধ্যে কেমন করে তৈরি হয়ে ওঠে ব্যাখ্যা করো। ১+১৪

(গ) ‘অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ।’— বিশ্লেষণ করো। ১৫